
আমাদের
অ আ ক খ

আমাদের অআকখ

আর, চক্রবর্তী

চক্রবর্তী এণ্ড কোং
৮সি, টেমার লেন , কলিঃ-৯

ছবি এঁকেছেন -
শ্রীহরেশ্বর কাহালী

প্রকাশ করেছেন :
এস. চক্রবর্তী
বকুলতলা
কলিকাতা-৬১

অনামিকা প্রকাশনী

ছেপেছেন :
শ্রীসুনীলকুমার ভাণ্ডারী
জগদ্ধাত্রী প্রিন্টার্স
৫৯/২ পটুয়াটোলা লেন
কলিকাতা-৯

মূল্য—তিন টাকা

অ



আ



অনেক রকম ফুলের মেলা। আকাশে ভাই তারার মেলা।

ই



ঈ



ইঁদুর কাটে বইয়ের ঝোলা। ঈশান কোনে ঝড়ের দোলা।

উ



ঊ



উমা চলেন বাপের বাড়ি। ঊষার আলোয় প্রভাত গড়ি।

ঋ



ঌ



ঋষি বসেন গাছের তলায়। ৯-কার রয় গাছের তলায়।

এ ঐ





এলো আবার দোলের দিন। ঐ দেখ ভাই বাজায় বীণ।

ও ঔ





ওপার বাংলা সোনার দেশ। ঔষধ খেলে রোগের শেষ।

ক খ





কলম দিয়ে লেখেন কবি। খাতার পাতায় আঁকো ছবি।

গ ঘ





গণেশ ভায়া জোড়ছে ছোটে। ঘোড়ায় চড়া মজার বটে।

ঙ



চ



সঙ্ সেজেছে বাবলু সোনা। চাঁদের আলো যায়না গোণা।

ছ



জ



ছাতা মাথায় আসেন বাবু। জলে ডুবে হয়যে কাবু।

ঝ



ঞ



ঝরণা বহে আপন মনে। মিঞাসাহেব সেতার টানে।

ট

ঠ







টাকা হাতে বসে কানাই। ঠাকুর বাড়ীতে বাজে সানাই।

ড ঢ





ডুগ ডুগিতে দিওনা হাত। ঢাকীর বাজনায় পূজামাৎ।

ণ ত





বীণাপাণি বিদ্যা দাও। তারাতারি স্কুলে যাও।

থ দ





থলে ভরা টাকা আছে। দোয়েল পাখি নাচে গাছে।

ধ ন





ধ্যানে বসেন শ্রীঅরবিন্দ। নরেন ছিলেন বিবেকানন্দ।

প

ফ





পরীরা ওড়ে আকাশ পানে। ফোয়ারা হতে জল আনে।

ব

ভ





বনের রাজা সিংহ মামা। ভালুক ভায়া বাজায় ধামা।

ম য





মায়ের কোলে টুটুন ভাই। যতীন বাবার ভয় যে নাই।

ব ল





রবীন্দ্রনাথ বিশ্বকবি। লতা পাতায় আঁকো ছবি।

ব শ





বাঙলার বাঘ স্যার আশুতোষ। শহীদ হলেন ক্ষুদিরাম বোস।

ষ স





ষাঁড় ছুটেছে পালাও ভাই সকাল হতেই পড়া চাই

হ ড়





হাতী ভায়ার লম্বা শূর। ঝড় উঠেছে অনেক দূর।

ঢ় য়






ঢ়ার ভূমি এই বীরভূম। আয়রে ভাই বেজায় ঘুম।

ৎ

ং





চিৎকার করা ভাল নয়। ং-অনুস্বারটি পরে রয়।

ঃ

ঁ





দুঃখী রামের মোটা পেট। চন্দ্রবিন্দুর মাথা হেট।

ব্যঞ্জন বর্ণ

ক খ গ ঘ ঙ চ ছ

জ ঝ ঞ ট ঠ ড ঢ

ণ ত থ দ ধ ন প

ফ ব ভ ম য র ল

ব শ ষ স হ ড় ঢ়

য় ৎ ং ঃ ঁ

স্বর বর্ণ

অ আ ই ঈ

উ ঊ ঋ ঌ

এ ঐ ও ঔ

ব্যঞ্জন বর্ণের পরীক্ষা

ব প চ র ক ম ন

য ঝ ল শ ফ ভ ৎ

স য় ট ড ণ ত ঠ

ঢ হ ঃ ঢ থ দ ষ

ধ গ ঙ ঘ ছ ঞ ঝ

জ য ঁ ব ং

স্বরবর্ণের পরীক্ষা

ই ৯ আ উ

ঋ অ ঈ ও

ঊ ঔ ঐ এ

আ-কার যোগ ; ক + আ = কা



ছাগল লাফায় আর
গাধা গায় গান,
বানর বাজায় ঢাক
ঝালা পালা কান।

ই-কার যোগ; ক + ই = কি



মাছ ভাজিয়া দিদি
রাখিল থালায়,
বিড়াল লইয়া মাছ
ছুটিয়া পালায়।

ঈ-কার যোগ; ক + ঈ = কী



শরীর শীতল করে
সমীরণ বয়,
মেয়েরা কলসী ভরে
নদীর জল লয়।

উ-কার যোগ; ক + উ = কু



যদু মধু দুই ভাই
বসিয়া দাওয়ায়,
গুড় আর রুটি নিয়া
চুপচাপ খায়।

ঊ-কার যোগ; ক + ঊ = কূ



পূজায় বসিল ঐ
শূলপাণি রায়,
ফল, মূল, ধূপ, ধূনা
বধূরা সাজায়।

ঋ-কার যোগ; ক + ঋ = কৃ



শৃগাল আসিয়া ঐ
মৃত বৃশ খায়,
বৃহৎ কুকুর এক
তাড়া করি যায়।

এ-কার যোগ; ক + এ = কে



মেয়েরা মেতেছে সব
মেয়েলি খেলায়,
পুতুলের বিয়ে হবে
রাতের বেলায়।

ঐ-কার যোগ; ক + ঐ = কৈ



খৈয়ের বদলে খৈল
এনেছে কৈলাশ,
শৈবাল হাসিয়া কয়
হায়রে কপাল।

ও-কার যোগ; ক + ও = কো



কি হয়েছে খোকন সোনা
আমার কাছে এসো,
মোয়া দেব নাড়ু দেব
চুপটি করে বসো।

ঔ-কার যোগ ; ক + ঔ = কৌ

মৌচাকে মারিয়া ঢিল
সৌমেন পালায়,
পালে পালে মৌমাছিরা
তার পিছে ধায়।



অনুস্বার যোগ (ং) ক + ং = কং



মাংস খেয়ে অংশুমান
বংশবাটি যায়,
কংসপুরের বংশী মামা
ডাকতে এলো তায়।

বিসর্গ যোগ (ঃ) ক + ঃ = কঃ

শিরঃ পীড়া হয়ে কবু
বড় দুঃখ পায়,
উঃ আঃ করিছে কেবল
বসে বিছানায়।



চন্দবিন্দু-যোগ (ঁ) ক + ঁ = কঁ

সাঁঝের বেলা একটি বাঁদর
বসলো ঘরের চালে,
তারা খেয়ে পালিয়ে গিয়ে
উঠলো তেঁতুল ডালে।




ছবি দেখে বল

একটি  আর একটি 

ঐ একটি কাল  ঘরের মধ্যে

একটি  ঐ একটি 

গাছের ডালে  টি বসে আছে।

পাখি  খায়। বিড়াল  খায়

কম্‌লা ফুলি

— সত্যেন্দ্রনাথ দত্ত



কম্‌লা ফুলি কম্‌লা ফুলি
কম্‌লা লেবুর ফুল!
কম্‌লাফুলির বিয়ে হবে
কানে মোতির দুল।
কম্‌লাফুলির বিয়ে হবে—
দেখতে যাবে, ফলার খাবে
চন্দনা আর টিয়ে।

নীল আকাশে

—দক্ষিণারঞ্জন মিত্র মজুমদার



নীল আকাশে সূর্যি মামা
ঝলক দিয়েছে
সবুজ মাঠে নতুন পাতা
গজিয়ে উঠেছে।
পালিয়েছিল সোনার টিয়ে
ফিরে এসেছে—
ক্ষীর নদীটির পারে খোকন
হাসতে লেগেছে।